যুগান্তর

তারিখ 02 JUN 2016
পৃষ্ঠা ০৩ কলাম ৩

# স্কুল ও কলেজে শেখ রাসেল কম্পিউটার ল্যাব স্থাপন করা হবে

## —তথ্য ও প্রযুক্তি প্রতিমন্ত্রী

**কালিয়াকৈর (গাজীপুর) প্রতিনিধি**

তথ্য ও প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক বলেন, গাজীপুরের কালিয়াকৈর উপজেলার প্রতিটা স্কুল ও কলেজে শেখ রাসেল কম্পিউটার ল্যাব স্থাপন করা হবে। মানবসম্পদ ও শিক্ষার মান উন্নয়নের স্বার্থে ওই ল্যাব স্থাপনের উদ্যোগ নেয়া হয়েছে। কালিয়াকৈর হাইটেক পার্কের নাম পরিবর্তন করে বঙ্গবন্ধু হাইটেক সিটি করা হয়েছে। বুধবার সকালে গাজীপুরের ওই পার্কের প্রশাসনিক ভবনে এক মতবিনিময় সভায় তথ্য ও প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক এ তথ্য জানান।

মতবিনিময় সভায় বঙ্গবন্ধু হাইটেক সিটির ব্যবস্থাপনা পরিচালক হোসনে আরা বেগম, কালিয়াকৈর উপজেলা চেয়ারম্যান রেজাউল করিম রাসেল, পৌর মেয়র মজিবর রহমান, উপজেলা নির্বাহী কর্মকর্তা সানোয়ার হোসেন উপস্থিত ছিলেন।